Department of Finance

SCRIE সিনিয়ার সিটিজেন রেন্ট ইনক্রিজ এগজেম্পশন ভাড়া স্থিতিশীলতার পুনর্নবীকরণের নির্দেশিকা

অনুগ্রহ করে সম্পূর্ণ করুন কিন্তুআপনার আবেদনপত্রের সাথে জমা দেবেন না

আপনি কি SCRIE-এর পুনর্নবীকরণের যোগ্য?

অনুগ্রহ করে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন:

আপনি কি এখনও একই ঠিকানাতেই থাকেন?	☐ হ্যাঁ	☐ না
আপনার পরিবারের 2015 সালের মোট বার্ষিক আয় (আপনি এবং সকল পরিজনবর্গ দ্বারা প্রাপ্ত) অনুমোদনযোগ্য বিয়োজনগুলির পরে, কি $ 50,000 বা তার কম?	☐ হ্যাঁ	☐ না
আপনি কি আপনার মাসিক আয়ের 1/3 অংশের বেশি ভাড়া হিসেবে প্রদান করছেন? *(যদি আপনার SCRIE বেনিফিট 1লা জুলাই 2015 পরে শুরু হয়ে থাকে তাহলেই কেবল প্রযোজ্য)*	☐ হ্যাঁ	☐ না

এই সমস্ত প্রশ্নের উত্তর হ্যাঁ হলে অনুগ্রহ করে পুনর্নবীকরণের আবেদন করতে অগ্রসর হোন।

পুনর্নবীকরণের বিজ্ঞপ্তি পাওয়ার ছয় মাসের মধ্যে আপনাকে আপনার পুনর্নবীকরণের আবেদনপত্র পূরণ করতে হবে।
যদি আপনার অতিরিক্ত সময়ের বা সাহায্যের প্রয়োজন হয় তাহলে, অন্যান্য বিকল্পের জন্য প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ) দেখুন।

যদি আপনার ডিপার্টমেন্ট অফ ফিন্যান্স পরিচালিত কোনো প্রোগ্রামে অংশগ্রহণ করতে বা কোনো পরিষেবা গ্রহণ করতে আবেদন করার জন্য প্রতিবন্ধকতা বা চিকিৎসা সংক্রান্ত বাসস্থানের প্রয়োজন হয়, সেক্ষেত্রে আমরা আপনাকে 311 নম্বরে ডিজেবিলিটি সার্ভিসেস ফেসিলিটেটরের সাথে যোগাযোগ করবার জন্য আমন্ত্রণ জানাচ্ছি।

নিম্নলিখিতগুলি ছাড়া আপনার আবেদন প্রক্রিয়া করা যাবে না:

- ✓ পারিবারিক আয় (বিভাগ 3) অবশ্যই সম্পূর্ণ পূরণ করতে হবে
- ✓ পুনর্নবীকরণের আবেদনে অবশ্যই স্বাক্ষর করতে হবে (বিভাগ 5)।
- ✓ আপনার ও আপনার বাড়িওয়ালা স্বাক্ষর করা পুনর্নবীকরণ লিজ। যদি আপনার বাড়িওয়ালা আপনাকে লিজ দিতে অসমর্থ হয় (এই পুনর্নবীকরণ সময়কালে), সেক্ষেত্রে লিজের পরিবর্তে আপনি লিজ ফর্ম ছাড়া একটি প্রত্যয়ন এবং স্থায়ী বাসস্থানের অন্যান্য প্রমাণ যেমন বর্তমান ইউটিলিটি বিল জমা দিতে পারে। এই লিজ ফর্ম ছাড়া এই প্রত্যয়ন আমাদের ওয়েবসাইট nyc.gov/rentfreeze তে উপলব্ধ অথবা 311 নম্বরে ফোন করে আপনি একটি প্রতিলিপি আপনাকে ডাকযোগে পাঠানোর অনুরোধ করতে পারেন। দ্রষ্টব্য: লিজ ফর্ম ছাড়া এই সার্টিফিকেশন আপনার সম্পূর্ণ করা পুনর্নবীকরণের আবেদন ফর্মের সঙ্গে সম্পর্কিত এবং পুনর্নবীকরণ চক্রে ব্যবহার করা যেতে পারে। অনুরোধ করার জন্য ও লিজ জমা দিতে আপনাকে অবশ্যই সমস্ত প্রচেষ্টা করতে হবে।
- ✓ 2015 তে আপনার ও আপনার সকল পরিজনবর্গের আয়ের প্রমাণপত্র জমা দিন।

প্রযোজ্য হলে অতিরিক্ত নথি প্রয়োজন।

- ✓ যদি আপনি কম ভাড়া (কখনও কখনও পছন্দের ভাড়া বলা হয়) দিয়ে থাকেন তাহলে আপনার লিজে সংযুক্ত পছন্দের লিজ রাইডারের একটি প্রতিলিপি অন্তর্ভুক্ত করুন।
- ✓ যদি মেজর ক্যাপিটাল ইমপ্রুভমেন্টের (MCI) কারণে আপনার ভাড়া বেড়ে গিয়ে থাকে তাহলে, ডিভিশন অফ হোমস্ অ্যাণ্ড কমিউনিটি রিনিউয়াল (DHCR) এর অনুমোদনপত্র আদেশ প্রদান করুন।
- ✓ যদি অ্যাপ্লায়েন্স বা স্বতন্ত্র অ্যাপার্টমেন্ট উন্নয়নের জন্য আপনার ভাড়া বেড়ে যায় তাহলে আপনি ও আপনার বাড়িওয়ালার মধ্যেকার চুক্তির প্রতিলিপি অন্তর্ভুক্ত করুন।

SCRIE/DRIE হাউসহোল্ড ইনকাম ওয়ার্কশীট। আপনার পারিবারিক আয় কি ভাবে নির্ণয় করবেন।

অনুগ্রহ করে সংযুক্ত ইনকাম ওয়ার্কশীট দেখুন। আগের বছরে পরিবারের বার্ষিক আয় নির্ধারণ করতে ওয়ার্কশীটকে টুল হিসাবে ব্যবহার করুন। পরিবারের প্রতিটি সদস্যের জন্য আয়ের বিভাগগুলি পূরণ করুন। যদি সেখানে দুজনের বেশি অতিরিক্ত পরিজনবর্গ আপনার সাথে বসবাস করে, তবে আলাদা পৃষ্ঠায় তার তথ্য দিন এবং আপনার আবেদনপত্রের সাথে জুড়ে দিন।

শুরু করার আগে, আপনার উচিৎ:

- নিজের ও সকল পরিজনবর্গের 2015 সালের আয়ের নথি একত্রিত করা।
- আয় ওয়ার্কশীটে দেওয়া প্রতিটা ধরনের আয়ের জন্য বক্সে মোট প্রাপ্ত পরিমাণ লেখা।

আয়ের উৎস:

লাইন 1 – সোশ্যাল সিকিউরিটি বেনিফিটস (SSA)

আপনি ও সকল পরিজনবর্গ সামাজিক সুরক্ষা কর্তৃপক্ষের কাছ থেকে 2015 সালে যে অবসর বা সারভাইবার ভাতা পেয়েছেন তার পূর্ণ পরিমাণ লিখুন। *SSA ফর্ম 1099 নির্দেশ , IRS ফর্ম 1040 লাইন 20a মেডিকেয়ার/মেডিকেড সংক্রান্ত খরচের ব্যয়পূরণ হয়ে থাকলে তা উল্লেখ করবেন না।*

লাইন 2 – সোশ্যাল সিকিউরিটি ডিজেবিলিটি ইনস্যুরেন্স (SSDI)

সকল পরিজনবর্গ কোন সোশ্যাল সিকিউরিটি ডিজেবিলিটি ইনকাম (SSDI) পেয়ে থাকলে আপনার তা অর্ন্তভুক্ত করা আবশ্যক। *2015 সালে প্রাপ্ত সুবিধার যাবতীয় সুবিধা প্রদানের চিঠি দেখুন।*

লাইন 3 – সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনস্যুরেন্স (SSI)

পরিবারের মধ্যে নির্ভরশীল শিশুদের জন্য গৃহীত সুবিধা সহ সকল পরিজনবর্গ দ্বারা 2015 সালে পাওয়া যে কোন সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনকাম (SSI) অন্তর্ভুক্ত করা আবশ্যক। *2015 সালে প্রাপ্ত সুবিধার যাবতীয় সুবিধা প্রদানের চিঠি দেখুন।*

লাইন 4 – ভেটারেন্স অ্যাফেয়ার্স (VA) VA ডিজেবিলিটি পেনশন / ক্ষতিপূরণ

আপনার এবং সকল পরিজনবর্গ যারা ইউ.এস ডিপার্টমেন্ট থেকে ভেটারেন্স অ্যাফেয়ার্স ডিজেবিলিটি পেনশন বাবদ ভিএ সুবিধা লাভ করেছেন তার পূর্ণ পরিমাণ লিখুন। ভেটারেন্স অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট থেকে প্রাপ্ত যাবতীয় চিঠির প্রতিলিপি জমা দিন, যা থেকে জানা যায় যে 2015 সালে কি পরিমাণ সহায়তা পেয়েছেন।

লাইন 5 – মজুরী / বেতন / টিপস

2015 সালে মজুরী, বেতন, এবং টিপস বাবদ আপনার এবং সকল পরিজনবর্গ দ্বারা প্রাপ্ত অর্থের মোট পরিমাণ লিখুন। *উল্লেখ্য W-2 বক্স 1, 1099-MISC বক্স 7, IRS ফর্ম 1040 লাইন 7, NYS ফর্ম IT-201 লাইন 1.*

লাইন 6 – পেনশন

2015 সালে আপনি ও আপনার সকল পরিজনবর্গ মোট যে পরিমাণ পেনশন পেয়েছেন, লিখুন।

লাইন 7 – প্রতিবন্ধকতা/ কর্মচারী ক্ষতিপূরণ প্রাপ্য অর্থ।

2015 সালে আপনার ও আপনার সকল পরিজনবর্গ দ্বারা প্রাপ্ত মোট কর্মীর ক্ষতিপূরনের পরিমাণ লিখুন। আপনার আবেদনপত্রের সাথে অ্যাওয়ার্ড লেটারের একটা প্রতিলিপি জমা দিন।

লাইন 8 – করযোগ্য এবং কর-বিহীন সুদ

2015 সালে আপনার ও আপনার সকল পরিজনবর্গ দ্বারা প্রাপ্ত সমস্ত করযোগ্য এবং কর-বিহীন সুদের মোট পরিমাণ লিখুন। *উল্লেখ্য 1099-INT বক্স 1, 1040 লাইন 8a এবং 8b, NYS ফর্ম IT-201 লাইন 2.*

লাইন 9 – পাবলিক অ্যাসিস্ট্যান্স ক্যাশ অ্যাওয়ার্ড (জন সহায়তা নগদ পুরস্কার)

আপনি ও সকল পরিজনবর্গ 2015 সালে যদি কোন নগদ সহায়তা গ্রহণ করে থাকেন তার মোট পরিমাণ লিখুন। সকল পরিজনবর্গ যারা নগদ সহায়তা পাচ্ছেন আপনার আবেদনের সাথে তার বাজেট পত্রের প্রতিলিপি জমা করুন। SNAP/ ফুড স্ট্যাম্পগুলি আপনার পারিবারিক আয়ের সাথে সংযুক্ত করবেন না।

লাইন 10 – ব্যবসা থেকে আয়।

আপনার ও সকল পরিজনবর্গের 2015 সালের মোট ব্যবসায়িক আয়ের উৎস লিখুন। *IRS ফর্ম 1040 লাইন 12, NYS ফর্ম IT-201 লাইন 6 দেখুন । ক্ষতির পরিমান ধরবেন না।* নিট ব্যবসায়ীক আয় হল স্থূল পাওনা বিয়োগ খরচ।

লাইন 11 – মূলধনী লাভ

2015 সালে আপনি এবং সকল পরিজনবর্গ কেউ যদি কোন করযোগ্য মূলধনী লাভ গ্রহণ করে থাকেন তার মোট পরিমাণ নথিভুক্ত করুন। *IRS ফর্ম 1040 লাইন 13 এবং 14 নির্দেশ করুন NYS ফর্ম IT-201 লাইন 7 ও 8 । ক্ষতির পরিমান ধরবেন না ।*

লাইন 12 – IRA আয় ।

আপনার এবং সকল পরিজনবর্গের 2015 সালের মোট প্রাপ্ত IRA আয় লিখুন । আপনার 2015 এর বছর শেষের আয়ের বিবৃতির প্রতিলিপি সংযুক্ত করুন। *মোট বিতরণের পরিমান সংযুক্ত করবেন না । কোন প্রকারের IRA রোলওভার বা রূপান্তর সংযুক্ত করবেন না।*

লাইন 13 – অ্যানুইটি আয় ।

আপনার এবং সকল পরিজনবর্গের 2015 সালের প্রাপ্ত মোট বার্ষিক অ্যানুইটি আয় লিখুন । আপনার 2015 এর বছর শেষের আয়ের বিবৃতির প্রতিলিপি সংযুক্ত করুন। *সম্পূর্ণ বিতরিত রাশির পরিমাণ সংযুক্ত করবেন না।*

লাইন14 – অন্যান্য যাবতীয় আয়।

2015 সালে গৃহীত অন্যান্য যাবতীয় আয় লিখুন। অন্যান্য আয়ের মধ্যে পড়ে (কিন্তু সীমাবদ্ধ নয়), ভাড়া বাবদ আয়, আবাসিকদের থেকে প্রাপ্ত ভাড়া, এস্টেটে বা ট্রাস্ট থেকে প্রাপ্ত আয়, খোরপোষ, চাইল্ড সাপোর্ট পেমেন্ট, জুয়া জেতা, করযোগ্য এবং অ-করযোগ্য লভ্যাংশ, ঋণ বাতিলের দ্বারা আয়, ভাড়া বাবদ পরিবার/ বন্ধুদের থেকে আর্থিক সহায়তা।

লাইন 15 – লাইন 1 থেকে 14 যোগ করুন এবং যোগফল লিখুন।

প্রজোজ্য বিয়োজন

লাইন 16 – ফেডারেল আয় কর মেটানো

লাইন 17 – ফেডারেল আয় কর মেটানো

(W -2 বক্স 17, ফর্ম 1099 - স্টেট ট্যাক্স বাতিল বক্স, NYS ফর্ম IT-201, লাইন 72 দেখুন)

লাইন 18 – ফেডারেল আয় কর মেটানো

(W-2 বক্স 19, NYS ফর্ম IT-201 লাইন 73)

লাইন 19 – সোশ্যাল সিকিউরিটি কর মেটানো

(W-2 বক্স 4)

লাইন 20 – লাইন 16 থেকে 14 যোগ করুন এবং পরিমাণ লিখুন।

অনুগ্রহ করে সম্পূর্ণ করুন কিন্তু আপনার আবেদনপত্রের সাথে জমা দেবেন না

পারিবারিক আয়ের ওয়ার্কশীট

	প্রাপ্ত আয়ের উৎস	আবেদনকারী	পরিবারের সদস্য #1	পরিবারের সদস্য # 2	সর্বমোট
1	সোশ্যাল সিকিউরিটি বেনিফিটস (SSA) *(SSA-1099 বক্স 5, IRS ফর্ম 1040, লাইন 20a)*	$	$	$	$
2	সোশ্যাল সিকিউরিটি ডিজেবিলিটি ইন্সুরেন্স (SSDI)*(SSDI বেনিফিটের বিবৃতি)*	$	$	$	$
3	সাপ্লিমেন্টাল সিকিউরিটি ইনস্যুরেন্স (SSI) *(SSI বেনিফিট স্টেটমেন্ট)*	$	$	$	$
4	ভেটারেন্স অ্যাফেয়ার্স (VA) সুবিধা অথবা VA ডিজিবিলিটি পেনশন/ ক্ষতিপূরণ *(বার্ষিক বেনিফিট স্টেটমেন্টের গ্রস ডিস্ট্রিবিউশন)*	$	$	$	$
5	মজুরী / বেতন / টিপস *(W-2 বক্স 1, 1099-MISC বক্স 7, IRS ফর্ম 1040 লাইন 7, NYS ফর্ম IT-201 লাইন 1)*	$	$	$	$
6	পেনশন *(1099R বক্স 1, পেনশন বিবৃতির থেকে মোট বার্ষিক পেনশন, IRS ফর্ম 1040 লাইন 16a)*	$	$	$	$
7	প্রতিবন্ধকতা / শ্রমিক ক্ষতিপূরণ পেমেন্টস্ *(অ্যাওয়ার্ড লেটার সংযুক্ত করুন)*	$	$	$	$
8	করযোগ্য এবং করযোগ্য নয় এমন সুদ *(1099-INT বক্স 1, IRS ফর্ম 1040 লাইন 8a এবং 8b)*	$	$	$	$
9	পাবলিক অ্যাসিস্ট্যান্স ক্যাশ অ্যাওয়ার্ড (জন সহায়তা নগদ পুরস্কার) *(PA বাজেট চিঠি)*	$	$	$	$
10	ব্যবসা থেকে আয় *(1040 লাইন 12- ক্ষতি অন্তর্ভুক্ত করবেন না, NYS ফর্ম IT-201 লাইন 6)*	$	$	$	$
11	মূলধনী লাভ *(IRS ফর্ম 1040 লাইন 13, NYS ফর্ম IT-201 লাইন 7 — ক্ষতি অন্তর্ভুক্ত করবেন না)*	$	$	$	$
12	IRA আয় *(বছর শেষের আয় বিবৃতি—আপনার বিতরণের পরিমাণ অন্তর্ভুক্ত করবেন না)*	$	$	$	$
13	অ্যানুইটিজ উপার্জন *(বছর শেষের আয় বিবৃতি—আপনার বিতরণের পরিমাণ অন্তর্ভুক্ত করবেন না)*	$	$	$	$
14	অন্যান্য যাবতীয় আয় *(আয়ের উৎস তালিকার জন্য FAQ গাইড দেখুন)*	$	$	$	$
15	**মোট আয় (লাইন 1 থেকে 14 যোগ করুন)** +	$	$	$	$
	প্রজোজ্য বিয়োজন				
16	প্রদান করা ফেডারেল ইনকাম ট্যাক্স *(W-2 বক্স 2, ফর্ম 1099—ফেডারেল ইনকাম ট্যাক্স কর্তন বক্স)*	$	$	$	$
17	প্রদান করা স্টেট ইনকাম ট্যাক্স *(W-2 বক্স 17, ফর্ম 1099—স্টেট ট্যাক্স কর্তন বক্স)*	$	$	$	$
18	প্রদান করা স্থানীয় ইনকাম ট্যাক্স *(W-2 বক্স 19)*	$	$	$	$
19	প্রদান করা সোশ্যাল সিকিউরিটি ট্যাক্স *(W-2 বক্স 4)*	$	$	$	$
20	**বিয়োজনের পরে মোট (লাইন 16 থেকে 19 যোগ করুন)** +	$	$	$	$
21	**মোট আয় (লাইন 15 থেকে লাইন 20 বিয়োগ)** −	$	$	$	$

অনুগ্রহ করে পড়ুন কিন্তু আপনার আবেদনপত্রের সাথে জমা করবেন না

কিভাবে এই SCRIE পুনর্নবীকরণের আবেদন পূরণ করতে হয়

আপনি যে তারিখে আবেদনটি পূরণ করছেন সেই তারিখ এবং ডকেট নম্বর প্রিন্ট করুন। SCRIE থেকে পাঠানো যে কোনো নোটিশে আপনার ডকেট নম্বর খুঁজে পাবেন।

বিভাগ 1: আবেদনকারীর তথ্য

আবেদনকারীর জন্য, আপনার প্রথম ও শেষ নাম, জন্মের তারিখ, সোশ্যাল সিকিউরিটি নম্বর এবং সম্পূর্ণ ঠিকানা দিন। যদি উপলব্ধ হয়, একটি প্রাথমিক ফোন নম্বর, সেল ফোন নম্বর, এবং ইমেল অ্যাড্রেস দিন।

বিভাগ 2: ভাড়াটের প্রতিনিধি

সকল আবেদনকারীদের একজন ভাড়াটিয়া প্রতিনিধি প্রদান বাঞ্ছনীয়। সেই ব্যক্তি প্রাথমিক আবেদনকারীকে পাঠানো সকল নোটিশের কপিগুলি পাবেন। এই স্থানটি আপনার ভাড়াটের প্রতিনিধির যোগাযোগের বিবরণগুলি যোগ করার জন্য ব্যবহার করুন।

বিভাগ 3: পারিবারিক আয়

আপনাকে অবশ্যই আপনার (আাবেদনকারী) এবং সকল পরিজনবর্গের 2015 এর বার্ষিক আয় জানাতে হবে।

আবেদনকারীর আয়ের পরিপূরণ

– পরিবারের প্রতিটি সদস্যের আয়ের সমস্ত উৎস উল্লেখ করতে আয়ের চেকবক্সগুলি ব্যবহার করুন। অন্য কোন আয় থাকলে উল্লেখ করুন।
– আয়ের ওয়ার্কশীট থেকে মোট আয় প্রদান করুন।
– আয়ের ওয়ার্কশীট থেকে মোট প্রযোজ্য বিয়োজন প্রদান করুন।
– যদি আপনি প্রত্যায়িত করতে চান যে 2015 সালে আপনার কোন আয় হয়নি তাহলে প্রদত্ত বক্সে টিক দিন।

যেহেতু আপনি আপনার আয়ের তথ্য সম্পূর্ণ করেছেন, তাই পরিবারের প্রতিটি সদস্যের জন্য আপনাকে আয়ের বিভাগ সম্পূর্ণ করতে হবে। যদি সেখানে দুজনের বেশি অতিরিক্ত সদস্য আপনার সাথে বসবাস করে, তবে আলাদা পৃষ্ঠায় তার তথ্য দিন এবং আপনার আবেদনপত্রের সাথে জুড়ে দিন। আপনার এবং সকল পরিজনবর্গের 2015 সালের আয়ের প্রমাণ সংযুক্ত করতে ভুলবেন না।

পরিবারের আয়ের পরিপূরণ

– পরিজনবর্গের নামের প্রথমাংশ ও শেষাংশ লিখুন।
– প্রদত্ত স্থানে জন্মের তারিখ, সোশ্যাল সিকিউরিটি নম্বর দিন।
– প্রত্যেক পরিজনবর্গের সাথে আপনার (প্রাথমিক আবেদনকারী) সম্পর্ক কি তা জানান, উদাহরণস্বরূপ, স্বামী-স্ত্রী, পিতা-মাতা, কন্যা/পুত্র, নাতি/নাতনি।
– পরিবারের সদস্যের আয়ের যাবতীয় উৎসগুলি উল্লেখ করতে আয়ের চেকবক্সগুলি ব্যবহার করুন। অন্য কোন আয় থাকলে উল্লেখ করুন।
– আয়ের ওয়ার্কশীট থেকে মোট আয় প্রদান করুন।
– আয়ের ওয়ার্কশীট থেকে মোট প্রযোজ্য বিয়োজন প্রদান করুন।
– যদি আপনি প্রত্যায়িত করতে চান যে তালিকাভুক্ত পরিবার সদস্যের 2015 সালে কোনো আয় হয়নি তাহলে প্রদত্ত বাক্সে টিক দিন।

বিভাগ 4: লিজের তথ্য

আপনি এক বা দুই বছরের লিজ স্বাক্ষর করেছেন কিনা তা জানান। যদি আপনার বাড়িওয়ালা আপনাকে লিজ পুনর্নবীকরণ না করান তাহলে বাক্সে টিক দিয়ে তা জানান, লিজ ফর্ম ছাড়া সার্টিফিকেশন সম্পূর্ণ করুন এবং বাসস্থানের অন্যান্য প্রমাণপত্র দিন যেমন বর্তমান ইউটিলিটি বিল।

আপনার বিল্ডিংয়ে মেজর ক্যাপিটাল ইমপ্রুভমেন্টের (MCI) জন্য যদি আপনার ভাড়া বেড়ে গিয়ে থাকে তাহলে তা জানান। প্রযোজ্য হলে আপনার আবেদনের সঙ্গে ডিভিশন অফ হোমস্ অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (DHCR) অনুমোদনের প্রতিলিপি প্রদান করুন। আপনার বাড়িওয়ালাকে আপনাকে DHCR অনুমোদনের আদেশ দিতে হবে। নতুন লিফ্ট, ছাদ মেরামতি, উঠানে উন্নতি ইত্যাদি মেজর ক্যাপিটাল ইমপ্রুভমেন্টের উদাহরণ হতে পারে। যদি মেজর ক্যাপিটাল ইমপ্রুভমেন্টের কারণে আপনার ভাড়া বেড়ে না থাকে তাহলে না -এ টিক দিয়ে তা জানান।

আপনার অ্যাপার্টমেন্টে সংস্কারের কারণে বা আপনি নতুন অ্যাপ্লায়েন্স নিয়েছেন তার কারণে ভাড়া বেড়ে থাকলে তা আমাদের জানান। প্রযোজ্য হলে, আপনার আবেদনের সাথে চুক্তির একটি প্রতিলিপি প্রদান করুন। আপনার বাড়িওয়ালাকে বৃদ্ধিপ্রাপ্ত বাড়ি ভাড়া ও কার্যকর হওয়ার তারিখ উল্লেখ করে একটি চুক্তি প্রদান করতে হবে। যদি স্বতন্ত্র অ্যাপার্টমেন্টের উন্নতি/নতুন অ্যাপ্লায়েন্সের কারণে আপনার ভাড়া না বেড়ে থাকে তাহলে না -এ টিক দিয়ে তা জানান। *দ্রষ্টব্য: স্বতন্ত্র অ্যাপার্টমেন্টের উন্নয়নের কারণে ভাড়া বাড়লে তা SCRIE দ্বারা কভার করা হয় না। এই বৃদ্ধি আপনার জমা ভাড়াতে যোগ করা হবে।*

বিভাগ 5: প্রত্যয়ন

প্রত্যয়ন পড়ার পরে, সেটিতে সাক্ষর করুন, নির্ধারিত স্থানে আপনার নাম ও তারিখ লিখুন। আপনার আবেদনপত্র পর্যালোচনা করার পরে নিশ্চিত হয়ে নিন যে সকল প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে। আপনার এবং আপনার সকল পরিজনবর্গের 2015 সালের আয়ের সমস্ত প্রমাণের প্রতিলিপি প্রদান করুন। আপনার স্বাক্ষর করা পুনর্নবীকরণ লিজের প্রতিলিপি প্রদান করুন। প্রযোজ্য হলে, আপনার লিজ রাইডার, MCI অনুমোদনের আদেশ অথবা কোনো স্বতন্ত্র অ্যাপার্টমেন্ট উন্নয়ন/অ্যাপ্লায়েন্স ভাড়া বৃদ্ধি চুক্তির প্রতিলিপি প্রদান করুন।

আপনার আবেদনপত্রটি ডাকযোগে পাঠান:

New York City Department of Finance, SCRIE Unit, 59 Maiden Lane, 22nd Floor, New York, NY 10038

FOR OFFICE USE ONLY ☐ APPROVED ☐ DENIED ☐ PENDING

Department of Finance

SCRIE সিনিয়ার সিটিজেন রেন্ট ইনক্রিজ এগজেম্পশন ভাড়া স্থিতিশীলতার পুনর্নবীকরণের আবেদন

অনুগ্রহ করে নিশ্চিত হয়ে নিন যে প্রাথমিক আবেদনকারী এই আবেদনপত্রের শেষ পৃষ্ঠায় স্বাক্ষর করেছেন।

সম্পূরিত আবেদন ডাকে পাঠান:

New York City Department of Finance, SCRIE Unit, 59 Maiden Lane, 22nd Floor, New York, NY 10038

অনুগ্রহ করে মুদ্রিত করুন

তারিখ	SCRIE ডকেট নম্বর

1. আবেদনকারীর তথ্য

নাম (প্রথম, শেষ)		
জন্ম তারিখ (মামা/দিদি/বববব)	সোশ্যাল সিকিউরিটি নম্বর	
রাস্তার ঠিকানা		অ্যাপাঃ
শহর	স্টেট	জিপ
টেলিফোন নম্বর	সেল ফোন নম্বর	
ইমেল অ্যাড্রেস		

2. ভাড়াটের প্রতিনিধির তথ্য

আপনি অন্য ব্যক্তিদের কাছে পাঠানো নোটিসের কপি পেতে পারেন (আপনি ছাড়াও)। নিম্নলিখিতগুলি পূরণ করে একজন প্রতিনিধি নির্বাচন করুন:

নাম (প্রথম, শেষ)	আবেদনকারীর সাথে সম্পর্ক	
সংস্থা	টেলিফোন নম্বর	
রাস্তার ঠিকানা		অ্যাপাঃ
শহর	স্টেট	জিপ
ইমেল অ্যাড্রেস		

SCRIE সিনিয়ার সিটিজেন রেন্ট ইনক্রিজ এগজেম্পশন ভাড়া স্থিতিশীলতার পুনর্নবীকরণের আবেদন

3. পরিজনবর্গ ও উপার্জন

আপনার (আবেদনকারী) এবং প্রত্যেক পরিজনবর্গের জন্য প্রযোজ্য আয়ের বিভাগগুলি পূরণ করুন। সকল পরিজনবর্গের জন্য সমর্থনকারী কাগজপত্র দিতে হবে। মোট আয় গণনা করতে পরিবারের আয়ের ওয়ার্কশীট দেখুন।

যদি সেখানে দুজনের বেশি অতিরিক্ত পরিজনবর্গ আপনার সাথে বসবাস করে, তবে আলাদা পৃষ্ঠায় তার তথ্য দিন এবং আপনার আবেদনপত্রের সাথে জুড়ে দিন।

আবেদনকারী:

নাম (প্রথম, শেষ)		
জন্ম তারিখ (মামা/দিদি/বববব)	সোশ্যাল সিকিউরিটি নম্বর	আবেদনকারীর সাথে সম্পর্ক

আয়ের উৎস

- ☐ সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনস্ট্রেশন (SSA, SSDI, SSI)
- ☐ ভেটারেন্স বেনিফিট
- ☐ মজুরি
- ☐ পেনশন
- ☐ IRA/অ্যানুইটি আয়
- ☐ শ্রমিকদের ক্ষতিপূরণ
- ☐ সুদ
- ☐ মূলধনী লাভ
- ☐ সরকারি সাহায্য
- ☐ অন্যান্য: _____
- ☐ ব্যবসা থেকে আয়
- ☐ বোর্ডারদের দ্বারা পরিশোধিত ভাড়া: _____

2015 থেকে সর্বোমোট আয়	2015 এর জন্য মোট বিয়োজন	☐ 2015 -তে আমার কোন আয় ছিল না

পরিবারের সদস্য #1:

নাম (প্রথম, শেষ)		
জন্ম তারিখ (মামা/দিদি/বববব)	সোশ্যাল সিকিউরিটি নম্বর	আবেদনকারীর সাথে সম্পর্ক

আয়ের উৎস

- ☐ সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনস্ট্রেশন (SSA, SSDI, SSI)
- ☐ ভেটারেন্স বেনিফিট
- ☐ মজুরি
- ☐ পেনশন
- ☐ IRA/অ্যানুইটি আয়
- ☐ শ্রমিকদের ক্ষতিপূরণ
- ☐ সুদ
- ☐ মূলধনী লাভ
- ☐ সরকারি সাহায্য
- ☐ অন্যান্য: _____
- ☐ ব্যবসা থেকে আয়

2015 থেকে সর্বোমোট আয়	2015 এর জন্য মোট বিয়োজন	☐ 2015 -তে পরিবারের এই সদস্যের কোন আয় ছিল না।

3. পরিজনবর্গ ও উপার্জন (ক্রমশ)

পরিবারের সদস্য #2:

নাম (প্রথম, শেষ)		
জন্ম তারিখ (মামা/দিদি/বববব)	সোশ্যাল সিকিউরিটি নম্বর	আবেদনকারীর সাথে সম্পর্ক

আয়ের উৎস

- ☐ সোশ্যাল সিকিউরিটি অ্যাডমিনস্ট্রেশন (SSA, SSDI, SSI)
- ☐ ভেটারেন্স বেনিফিট
- ☐ মজুরি
- ☐ পেনশন
- ☐ IRA/অ্যানুইটি আয়
- ☐ শ্রমিকদের ক্ষতিপূরণ
- ☐ সুদ
- ☐ মূলধনী লাভ
- ☐ সরকারি সাহায্য
- ☐ অন্যান্য: _____
- ☐ ব্যবসা থেকে আয়

2015 থেকে সর্বোমোট আয়	2015 এর জন্য মোট বিয়োজন	☐ 2015 -তে পরিবারের এই সদস্যের কোন আয় ছিল না।

যদি আপনার সঙ্গে দুই জনের বেশি পরিজনবর্গ থাকেন, তাহলে অনুগ্রহ করে তাঁদের সম্পর্কে একটি আলাদা পৃষ্ঠায় তথ্য প্রদান করুন।

4. ভাড়ার তথ্য: লিজের তথ্য (একজনকে নির্বাচন করুন)

আপনি এক বা দুই বছরের লিজ স্বাক্ষর করেছেন কিনা তা চেক করুন:

☐ 1 বছরের লিজ ☐ 2 বছরের লিজ ☐ আপনার বাড়িওয়ালা কোনো লিজ প্রদান করেন নি

মেজর ক্যাপিটাল ইমপ্রুভমেন্টের (MCI) কারণে কি আপনার ভাড়া বেড়েছে ☐ হ্যাঁ ☐ না ☐ আমি জানি না

হ্যাঁ হলে, আপনার বাড়িওয়ালা প্রদত্ত DHCR অনুমোদন আদেশ জমা দিন।

নতুন অ্যাপ্লায়েন্স পাওয়ার বা অ্যাপার্টমেন্টের স্বতন্ত্র সংস্কারের কারণে ভাড়া বেড়েছে? ☐ হ্যাঁ ☐ না ☐ আমি জানি না

হ্যাঁ হলে, আপনার বাড়িওয়ালার চুক্তির একটি কপি প্রদান করুন।

দ্রষ্টব্য: আপনি অবশ্যই সব সমর্থনকারী কাগজপত্র পাঠাতে হবে নচেৎ আপনার আবেদন প্রক্রিয়া করা যাবে না।

5. প্রত্যয়ন

অনুগ্রহ করে সতর্কতার সঙ্গে পড়ুন ও নিচের প্রত্যয়নটিতে স্বাক্ষর করুন। আপনি স্বাক্ষর না করলে আপনার আবেদন সম্পূর্ণ হবে না।

আমি এতদ্বারা, আইন অনুযায়ী জরিমানা শাস্তি সাপেক্ষে, প্রত্যায়িত করছি যে আমি বর্তমানে এই আবেদনপত্রে উল্লেখিত ঠিকানায় বসবাস করি এবং এতে দেওয়া যাবতীয় তথ্যাদি সত্য ও সম্পূর্ণ।

আমি বুঝেছি এবং সম্মত হয়েছি যে যদি আমি আমার পরিবারের সদস্যদের সমস্ত আয়ের পাশাপাশি, বোর্ডারদের থেকে আমি কত ভাড়া পাই তা জানাতে না পারি, তাহলে অনুচিতভাবে প্রাপ্ত যে কোনো SCRIE বেনিফিটের জন্য সিটিকে তার পুরো মূল্য ও সুদ ফেরত দিতে হবে।

আমি বুঝি যে আমার আয় ডিপার্টমেন্ট অফ ফিনান্সের দ্বারা যাচাই সাপেক্ষ। আমি ডিপার্টমেন্ট অফ ফিনান্সকে আমার আয় যাচাই করবার জন্য আমার স্টেট ও ফেডারেল ট্যাক্স ফেরতের পর্যালোচনা করবার অনুমতি দিচ্ছি। আমি অন্যান্য এজেন্সিদের কাছে আমার তথ্য প্রকাশের অনুমতি দিচ্ছি যাতে অন্যান্য সুবিধার ও অনুদানের জন্য আমার যোগ্যতা নির্ধারণ করা যায় এবং আমাকে হয়ত অনুরোধের ভিত্তিতে আমার পারিবারিক আয়ের প্রমাণ দিতে হতে পারে।

প্রাথমিক আবেদনকারীর মুদ্রিত নাম	প্রাথমিক আবেদনকারীর স্বাক্ষর	তারিখ
পাওয়ার অফ অ্যাটর্নি/আদালত নিযুক্ত অভিভাবকের মুদ্রিত নাম	পাওয়ার অফ অ্যাটর্নি/আদালত নিযুক্ত অভিভাবকের স্বাক্ষর	তারিখ

যদি প্রাথমিক আবেদনকারীর পক্ষে কোন পাওয়ার অফ অ্যাটর্নি/আদালত নিযুক্ত অভিভাবক স্বাক্ষর করেন, তবে পাওয়ার অফ অ্যাটর্নি/আদালতের কাগজপত্র প্রয়োজন।

ফেডারাল প্রাইভেসি অ্যাক্ট 1974, সংশোধন মোতাবেক, যেসব এজেন্সিরা সোশ্যাল সিকিউরিটি নম্বর চায়, তারা যেসব ব্যক্তিদের কাছ থেকে এই নম্বর চাইছে, সেইসব ব্যক্তিদের জানাতে হবে যে এই নম্বর জানানো ইচ্ছাধীন না বাধ্যতামূলক, কেন সেই অনুরোধ করা হচ্ছে এবং কীভাবে সেই তথ্য ব্যবহার করা হবে। আবেদনকারীদের এবং আয়কারী বসবাসকারী দ্বারা সোশ্যাল সিকিউরিটি নম্বর জানানো বাধ্যতামূলক এবং অ্যাডমিনিস্ট্রেটিভ কোড অফ দ্য সিটি অফ নিউ ইয়র্ক-এর ধারা 11-102.1 মোতাবেক তা অবশ্য প্রয়োজন। যে কোনো রিপোর্ট বা রিটার্নে যদি এই নম্বরটি উল্লেখ করা হয়ে থাকে তবে তা কর পরিচালনার উদ্দেশ্যে অনুরোধ করা হয় এবং তা ব্যবহার করা হবে রিপোর্ট প্রক্রিয়া করতে এবং ডিপার্টমেন্ট অফ ফিনান্স দ্বারা পরিচালিত ও সংগ্রহকৃত করের আওতায় থাকা করদাতাদের চিহ্নিত করার একটি সার্বিক ব্যবস্থা তৈরি ও পরিচালনা করতে। করদাতার রিটার্নের তথ্যের অংশ হিসাবে অন্য ডিপার্টমেন্ট, ব্যক্তি, এজেন্সি অথবা সংস্থার কাছে আইন মোতাবেক, অথবা যদি আবেদনকারী বা আয়কারী ভাড়াটে ডিপার্টমেন্ট অফ ফিনান্সকে লিখিত অনুমতি দিয়ে থাকে তবে এই ধরনের নম্বরগুলি প্রকাশ করা হতে পারে।

SCRIE সিনিয়ার সিটিজেন রেন্ট ইনক্রিজ এগজেম্পশন ভাড়া স্থিতিশীলতার পুনর্নবীকরণের আবেদন

অনুগ্রহ করে পড়ুন কিন্তু আপনার আবেদনপত্রের সাথে জমা করবেন না

আপনি কি...

- ☐ প্রতিটি প্রশ্নের উত্তর দেয়া হয়েছে তা নিশ্চিত করতে আবেদনটি একবার দেখে নিয়েছেন?
- ☐ আগের পৃষ্ঠায় প্রত্যয়ন বিভাগে তারিখ সহ স্বাক্ষর করেছেন?
- ☐ আপনি কি 2015 এর আপনার ও আপনার সকল পরিজনবর্গের আয়ের প্রমাণপত্র অন্তর্ভুক্ত করেছেন? আয়ের প্রমাণপত্রের মধ্যে রয়েছে, কিন্তু তাতেই তা সীমিত নয়:
  - ✓ আয়কর রিটার্ন
  - ✓ সোশ্যাল সিকিউরিটি বেনিফিট বিবৃতি
  - ✓ আয়ের বিবৃতি সহ IRA/অ্যানুইটি বিবৃতি
  - ✓ পেনশনের বিবৃতি
  - ✓ বোর্ডারদের কাছ থেকে স্বাক্ষর করা চিঠি যেখানে ভাড়া বাবদ অর্থ প্রদানের উল্লেখ থাকবে
  - ✓ 1099/W2 বিবৃতি
  - ✓ পাবলিক অ্যাসিস্টেন্স বাজেট বিবৃতি
  - ✓ আপনার পরিবারে থাকে এমন চাকরি না করা শিক্ষার্থীদের স্টুডেন্ট স্ট্যাটাস চিঠি
  - ✓ আর্থিক সহায়তা প্রদানকারী বন্ধু/পরিবারের সদস্যদের কাছ থেকে স্বাক্ষর করা চিঠি যেখানে আর্থিক সহায়তার অঙ্ক উল্লেখিত হবে
- ☐ আপনার স্বাক্ষর করা লিজের কপি নিয়েছেন?
- ☐ আপনার পছন্দের লিজ রাইডার, DHCR অনুমোদন আদেশ, MCI অর্ডার বা ভাড়া বৃদ্ধির চুক্তি নিয়েছেন?

আপনার আবেদনপত্র জমা করুন:

ডাকযোগে:
New York City Department of Finance
SCRIE Unit
59 Maiden Lane, 22nd Floor

সশরীরে:
SCRIE/DRIE Walk-In Center
66 John Street, 3rd Floor
New York, NY 10038
সোমবার-শুক্রবার, সকাল 8.30 - বিকাল 4.30

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

1. NYC রেন্ট ফ্রিজ প্রোগ্রাম কি?

রেন্ট ফ্রিজ প্রোগ্রাম বলতে সিনিয়ার সিটিজেন রেন্ট ইনক্রিজ এগজেম্পশন (SCRIE) এবং ডিজেবিলিটি রেন্ট ইনক্রিজ এগজেম্পশন (DRIE) প্রোগ্রাম বোঝায়।

2. এক তৃতীয়াংশ আয়ের যোগ্যতা পরীক্ষা কি এবং কিভাবে এটি আমার SCRIE বেনিফিটকে প্রভাবিত করতে পারে?

যদি আপনি 1লা জুলাই 2015 এর পর একজন নতুন আবেদনকারী হিসাবে SCRIE প্রোগ্রামের জন্য আবেদন করে থাকেন এবং অনুমোদিত হয়ে থাকেন তাহলে আপনার পুনর্নবীকরণের আবেদন এক তৃতীয়াংশ আয়ের যোগ্যতা পরীক্ষার শর্তাধীন হবে। ডিপার্টমেন্ট অফ ফিনান্স আপনার ও সকল পরিজনবর্গের জন্য বার্ষিক আয় যোগ করবে এবং তাকে 36 দিয়ে ভাগ করবে। এখান থেকে পাওয়া ফলাফল আপনার মাসিক পারিবারিক আয়ের এক-তৃতীয়াংশ। তখন আমরা আপনার পরিবারের মাসিক আয়ের এক তৃতীয়াংশ আপনার পুনর্নবীকরণের লিজের পাশাপাশি ফ্রোজেন রেন্টের সঙ্গেও তুলনা করি।যদি আপনার মাসিক পারিবারিক আয়ের এক তৃতীয়াংশ আপনার নতুন ভাড়ার থেকে বেশী হয় তাহলে আপনি আর SCRIE বেনিফিটের জন্য আর যোগ্য থাকবেন না। যদি আপনার মাসিক পারিবারিক আয়ের এক তৃতীয়াংশ আপনার নতুন ভাড়ার থেকে কম হয় কিন্তু আপনার ফ্রোজেন রেন্টের থেকে বেশী হয় তাহলে আমরা আপনার মাসিক পারিবারিক আয়ের এক তৃতীয়াংশের সমান মূল্যে আপনার ফ্রোজেন রেন্ট বাড়াব।

যদি আপনি 1লা জুলাই 2015 তে বা তার আগে SCRIE প্রোগ্রামে অংশগ্রহণ করে থাকেন তাহলে আপনার পুনর্নবীকরণের আবেদন এক তৃতীয়াংশ আয়ের যোগ্যতা পরীক্ষার শর্তাধীন থাকবে না।

3. কখন আমাকে আমার বেনিফিট পুনর্নবীকরণ করতে হবে?

সমস্ত SCRIE প্রাপকদেরকে প্রতি বছর বা দুই বছর অন্তর পুনর্নবীকরণের আবেদন ফাইল করতে হবে। SCRIE পুনর্নবীকরণের আবেদন প্রাপকের বেনিফিটের মেয়াদ উত্তীর্ণ হওয়ার প্রায় 60 দিন আগে ডাকযোগে পাঠানো হয়। যদি কোনো কারণে আপনি ডাকযোগে পুনর্নবীকরণ আবেদন না পেয়ে থাকেন, তাহলে nyc.gov/rentfreeze থেকে পুনর্নবীকরণের আবেদন পেতে পারেন অথবা 311 নম্বরে ফোন করে আপনাকে পাঠানোর অনুরোধ করতে পারেন।

4. যদি প্রাথমিক বেনিফিট প্রাপক অন্য কোথাও চলে যান তাহলে কি হবে?

যদি প্রাথমিক বেনিফিট প্রাপক অন্য ভাড়া-নিয়ন্ত্রিত অ্যাপার্টমেন্টে সরে যান তাহলে প্রাথমিক বেনিফিট প্রাপককে আপনার ছাড় স্থানান্তরিত করতে একটি অ্যাপার্টমেন্ট বেনিফিট ট্রান্সফার আবেদন ফাইল করতে হবে।

5. আমার লিজে আইনি ভাড়ার যে অঙ্ক বলা আছে আমি তার থেকে কম দিলে কি হবে?

রেন্ট ফ্রিজ প্রোগ্রামের উদ্দেশ্যে কম ভাড়া দেওয়াকে কখনও কখনও পছন্দের ভাড়া বলা হয়, যেটিকে ভাড়াটে ও বাড়িওয়ালার মধ্যেকার একটি চুক্তি হিসাবে দেখা হয়। তাই, ফ্রোজেন রেন্ট আপনার নিবন্ধিত আইনি ভাড়ার উপর ভিত্তি করে হয়। আপনি বাড়িওয়ালার সঙ্গে আপনার চুক্তির অধীনে আপনি কম ভাড়া দেওয়া অবহ্যত রাখতে পারেন, এমনকি SCRIE এর অনুমোদন নোটিশে আপনার ফ্রোজেন রেন্ট বেশি দেখালেও।

6. রেন্ট ফ্রিজ প্রোগ্রামের উদ্দেশ্যে, কে পরিবারের সদস্য হিসাবে গণ্য হন?

পরিবারের প্রধান হিসাবে গণ্য হতে পারেন পরিজনবর্গ এবং বাসায় স্থায়ীভাবে বসবাস করেন এমন কেউ। একজন প্রকৃত বাসিন্দা, বোর্ডার বা সাবটেনান্ট যিনি পরিবারের প্রধানের সাথে সম্পর্কিত নন তিনি পরিবারের সদস্য হিসাবে গণ্য হবেন না। আপনাকে অবশ্যই পরিবারের সকল সদস্যদের তালিকা আবেদনেরপত্রের উপরে দিতে হবে এবং গত বছরে (আপনার আবেদন পূরণ করার আগের বছরের) তাঁদের আয় জমা করতে হবে। যদি কোন পরিজনবর্গের গত বছরে আয় না থাকে, আপনাকে অবশ্যই তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে এবং আয় না থাকার প্রমাণ দাখিল করতে হবে।

7. কে পরিবারের সদস্য হিসাবে গণ্য হবেন না?

বোর্ডার যাঁর একটি বাড়ি ভাড়ার চুক্তি রয়েছে এবং আপনাকে বাড়ি ভাড়া প্রদান করেন তিনি পরিজনবর্গ হিসাবে গণ্য হবেন না। পরিবারের সদস্যরা বোর্ডার হিসাবে গণ্য হবেন না। *দ্রষ্টব্য:বেনেফিটের অধিকারী হওয়ার জন্য বোর্ডার যোগ্য নন।* আপনাকে আবেদনপত্রে বোর্ডারদের তালিকা দিতে হবে না; যদিও আপনাকে অবশ্যই বোর্ডারের থেকে একটি চিঠি পেশ করতে হবে ভাড়ার অর্থরাশি ঘোষণা করে যেখানে উল্লেখ থাকতে হবে কত ভাড়া আপনাকে প্রদান করে। *বোর্ডারের আয় পেশ করবেন না।*

8. আমি আমার আবেদনে বা লিজে শারীরিকভাবে সই করতে না পারলে কি হবে?

অনুমোদিত পাওয়ার অব্ অ্যাটনি বা (POA) আদালত নিযুক্ত অভিভাবক প্রাথমিক সুবিধাভোগী ব্যক্তির হয়ে নথিতে স্বাক্ষর করতে পারেন। SCRIE যাতে ফাইলে তথ্য রাখতে পারে এবং সমস্ত SCRIE যোগাযোগ POA বা অভিভাবকের কাছে প্রতিলিপি রাখা হয়েছে তা নিশ্চিত করতে অনুগ্রহ করে আবেদনের সঙ্গে পাওয়ার অব্ অ্যাটর্নি বা আদালতের আদেশ জমা দিন।

9. প্রযোজ্য বিয়োজন কি কি?

ফেডারেল, স্টেট, সিটি এবং সোশ্যাল সিকিউরিটি কর মেটানো হল প্রযোজ্য বিয়োজন।

10. বিবেচ্য আয় কি যা আমাকে যোগ্যতা নির্ণয়ে অবশ্যই জানাতে হবে?

নীচে আয়ের উৎসের একটি তালিকা দেওয়া হল যেটা SCRIE প্রোগ্রাম বিবেচনা করা হয়। যদি আপনি এবং আপনার পরিজনবর্গ এই উৎসগুলির যেকোন একটি থেকে কোন আয় করেন, আপনাকে এই তথ্য আবেদনপত্রের সাথে দেওয়া ইনকাম ওয়ার্কশীটে দিতে হবে এবং নির্দেশ অনুযায়ী নথিপত্রের প্রয়োজনীয় প্রমাণ সংযুক্ত করতে হবে।

– সোশ্যাল সিকিউরিটি (SSA, SSI, SSDI)
(SSA-1099 এর প্রতিলিপি অথবা SSI সুবিধা প্রদানের চিঠির প্রিন্টআউট সংযুক্ত করুন)

– বেতন/মজুরি/টিপস্
(W-2'র স্ব-নিযুক্তি সহ সংযুক্ত করুন)

– ব্যবসায়িক আয়
(সিডিউল C, K-1 এর সাথে S-কর্প ট্যাক্স রিটার্ন বা পার্টনারশিপ ট্যাক্স রিটার্ন সংযুক্ত করুন)

– করযোগ্য ও কর অযোগ্য সুদ
(সকল 1099-INT এবং কর অযোগ্য সুদের জন্য বছর শেষের বিবৃতি সংযুক্ত করুন)

– করযোগ্য ও কর অযোগ্য সুদ
(সকল 1099-DIV এবং কর অযোগ্য ডিভিডেন্ডের জন্য বছর শেষের বিবৃতি সংযুক্ত করুন)

– IRA আয়
(সুদ, লভ্যাংশ, বা পুঁজির উপর লাভের একটি প্রতিলিপি সংযুক্ত করুন)। আপনার বিতরণের অর্থরাশি অন্তর্ভুক্ত করবেন না।

– পেনশন, অ্যানুইটিজ ও রিটায়ারমেন্ট প্ল্যানস
(1099R বিবৃতি সংযুক্ত করুন এবং এর সাথে করযোগ্য ও কর অযোগ্য পেনশন সংযুক্ত করুন)

– ভেটারেন্স অ্যাফেয়ার্স(VA)ডিজেবিলিটি পেনশন বা কমপেনসেশন বেনিফিট
(প্রদানের চিঠি সংযুক্ত করুন)

– মূলধনী লাভ
(আর্থিক সংস্থা থেকে কর বিয়োজিত মূলধন থেকে লাভ অন্তর্ভুক্ত)

– বাড়িভাড়ার আয়
(আপনার মালিকানাধীন সব সম্পত্তি)

– বোর্ডারের থেকে প্রাপ্ত ভাড়া

– বাড়ি ভাড়া সহায়তা
(ভর্তুকি)

– প্রতিবন্ধকতা/শ্রমিকদের ক্ষতিপূরণ প্রদান/বেকার ভাতার সুবিধা
(প্রদানের চিঠি সংযুক্ত করুন)

– এস্টেট বা ট্রাস্ট থেকে আয়
(এস্টেট বা ট্রাস্টের ইনকাম ট্যাক্স রিটার্ন)

– আপনার প্রাপ্ত করা খোরপোষ এবং/অথবা চাইল্ড সাপোর্ট পেমেন্টস্
(আদালতের আদেশ সংযুক্ত করুন)

– পরিবার এবং/অথবা বন্ধুদের থেকে ভাড়া বাবদ গ্রহণ করা অর্থ
(সংযুক্ত চিঠিতে কার থেকে আপনি টাকা পেয়েছেন এবং কত টাকা পেয়েছেন তা বলা আছে)

– জুয়া/লটারি জেতা
(1099-MISC সংযুক্ত করুন)

– সরকারী সাহায্য এবং/অথবা অন্যান্য আয়ের উৎস
(প্রমাণ সংযুক্ত করুন)

– ঋণ বাতিল

11. কোন আয় যোগ্যতা নির্ধারণ থেকে বাদ যাবে যা আপনাকে জানাতে হবে না?

– নগদ উপহার
– উত্তরাধিকারসূত্রে প্রাপ্তি
– একটি ব্যক্তিগত মামলা থেকে প্রদত্ত ক্ষতিপূরণ
– জ্বালানি সহায়তা অর্থপ্রদান
– আয়কর ফেরৎ
– IRA রোলওভারস
(IRAs অন্যান্য অবসর অ্যাকাউন্টসে রোলড ওভার)
– সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (SNAP) সুবিধা যা ফুড স্ট্যাম্প প্রোগ্রাম হিসাবেও পরিচিত

12. আমার সুবিধা বা আবেদন প্রক্রিয়ার বিষয়ে আমার যদি কোনো প্রশ্ন থাকে তাহলে আমি কার সাথে যোগাযোগ করতে পারি ?

যদি আপনার কম্পিউটার থাকে, তাহলে আপনি অর্থ দপ্তরের ওয়েবসাইট **nyc.gov/contactscrie** -তে গিয়ে SCRIE সম্পর্কে প্রশ্নগুলির জন্য একটি অনুসন্ধান পত্র জমা দিতে পারেন। এছাড়াও আপনি 311-তে কল করতে পারেন অথবা আমাদের ওয়াক-ইন-সেন্টারে এসে দেখা করতে পারেন:
66 John Street, 3rd Floor, New York, NY, 10038
কাজের সময়: সোমবার-শুক্রবার, সকাল 8.30 - বিকাল 4.30

13. আমার আবেদন বা সুবিধার বিষয়ে যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, আমি যদি সেটা বুঝতে না পারি তাহলে আমি কার যাথে যোগাযোগ করব?

সমস্ত রেন্ট ফ্রিজ প্রোগ্রামের আবেদনকারী যারা অফিসিয়াল ছাড়, অনুমোদন, অস্বীকৃতি বা প্রত্যাহার নোটিশ পেয়েছেন তাদের SCRIE/DRIE আবেদন ও বেনিফিটের উদ্বেগ সমাধানের ক্ষেত্রে সহায়তা পাওয়ার অধিকার আছে। SCRIE/DRIE আপনার আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ করার পর ওম্বুডসপার্সন আপনার আবেদন ও বেনিফিটের সমস্যা শনাক্ত করে সমাধান করতে পারেন। আপনি SCRIE এর সাহায্যের জন্য তাদের সাথে যোগাযোগ করতে পারেন DOF ওয়েবসাইট **nyc.gov/ombudscrie** -তে অথবা DRIE এর সাহায্যের জন্য **nyc.gov/ombuddrie** -তে গিয়ে।

14. যদি আমি পুনর্নবীকরণের আবেদন 6 মাসের নির্দিষ্ট সময়সীমার মধ্যে করতে ব্যর্থ হই তাহলে আমি কি করব?

DOF মার্কিন প্রতিবন্ধী আইন (ADA) মেনে একটি "ফাইলের সময় বর্ধন" নীতি প্রণয়ন করেছে। ADA এর অধীনে, যদি প্রতিবন্ধকতার কারণে আবেদনকারী আবদনের নির্দিষ্ট সময়সীমার মধ্যে পুনর্নবীকরণ করতে না পারেন, সেক্ষেত্রে আবেদনকারীরা অতিরিক্ত সময় পাবার যোগ্য হতে পারেন। আবেদনকারীকে অবশ্যই একটি যুক্তিসঙ্গত বাসস্থানের অনুরোধের (RAR) ফর্ম পূরণ করতে হবে এবং চিকিৎসা সংক্রান্ত নথি সহ এজেন্সির EEO অফিসারকে এটি জমা দিতে হবে। যদি কোন বাসস্থানের জন্য বর্ধিত সময়ের অনুমোদন মঞ্জুর হয়, তাহলে ধারাবাহিক যোগ্যতার প্রমাণ করতে সমস্ত পুনর্নবীকরণ নথিপত্র জমা দেওয়া আবশ্যক।

15. যদি আমার আয়ের স্থায়ী ক্ষতি হয় তাহলে আমার হাতে আর কি বিকল্প থাকবে?

যদি আগের আবেদনে জানানোর আয়ের উপর 20% বা তার বেশী স্থায়ী ক্ষতি হয়, তাহলে আপনি পুনঃনির্ধারণের আবেদন পূরণ করার মাধ্যমে আপনার ফ্রোজেন রেন্টের পুনঃনির্ধারণের জন্য আবেদন করতে পারেন। আপনাকে অবশ্যই পুনঃনির্ধারণের আবেদন সহ বর্তমান আয়ের প্রমাণ দিতে হবে। *দ্রষ্টব্য: আয়ের ক্ষতি অবশ্যই স্থায়ী বলে বিবেচিত হওয়া আবশ্যক।*

16. কি ঘটবে যদি প্রাথমিক সুবিধা প্রাপক মারা যান বা স্থায়ীভাবে নার্সিংহোমে চলে যান?

যদি প্রাথমিক সুবিধা প্রাপক মারা যান, কোন নার্সিং হোমে স্থায়ীভাবে চলে যান বা অন্যথায় স্থায়ীভাবে বাসা খালি করে দেন, পরিবারের একজন সদস্য যিনি রেন্ট ফ্রিজ প্রোগ্রামের জন্য যোগ্যতামান পূরণ করেছেন, যিনি আগের আবেদনে তালিকাভুক্ত হয়েছেন, এবং যাঁর সুবিধা পাওয়ার উত্তরাধিকার মঞ্জুর হয়েছে, তিনিসুবিধা গ্রহণের যোগ্য হতে পারেন। একটি সুবিধা গ্রহণের আবেদন প্রাথমিক সুবিধা গ্রহণকারীর মৃত্যুর বা অন্যত্র চলে যাবার 6 মাসের মধ্যে, অথবা ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সের প্রত্যাহারের নোটিশ পাঠানোর পরের 90 দিনের মধ্যে পরে পেশ করতে হবে, যে তারিখটি আগে হবে।

যদি আপনি একটি পরিবারের অবশিষ্ট সদস্য হন এবং SCRIE জন্য সব প্রয়োজনীয় যোগ্যতা পূরণ করেন, তাহলে আপনাকে নিম্নলিখিত সব কিছু জমা দিতে হবে:

আপনার জন্য: একটি সুবিধা গ্রহণের আবেদন এবং
একটি লিজ যেখানে আপনাকে ভাড়াটে বা সহ-ভাড়াটে হিসাবে প্রতিফলিত হবে অথবা
আপনার বিল্ডিং কর্তৃপক্ষের থেকে চিঠি যেখানে নির্দিষ্ট করা থাকবে যে আপনার বাসাটিতে উত্তরাধিকার রয়েছে অথবা
বাসাটির উত্তরাধিকার অধিকার মঞ্জুর করা একটি আদালতের আদেশ

প্রাথমিক সুবিধা প্রাপকের জন্য: ডেথ সার্টিফিকেট প্রদানের দ্বারা প্রমাণ করা যে প্রাথমিক সুবিধা প্রাপক মারা গেছেন। একজন প্রাথমিক সুবিধা প্রাপক যিনি স্থায়ীভাবে বাসা ছেড়ে অনত্র চলে গেছেন, প্রমাণের মধ্যে রয়েছে নার্সিং হোম থেকে কোন চিঠি, একটি লিজ বা ফেডারাল, স্টেট বা স্থানীয় সরকারের ইস্যু করা আইডি যাতে নতুন ঠিকানা প্রতিভাত হয়।

17. আমি কিভাবে ফর্মগুলো পেতে পারি?

সমস্ত ফর্ম আমাদের ওয়েব সাইট **nyc.gov/rentfreeze** তে গিয়ে ডাউন লোড করা যাবে। আমাদের ওয়াক-ইন-সেন্টারেও ফর্ম পাওয়া যায়। 311-এ কল করে আপনি কোনো ফর্ম ডাকযোগে পাঠিয়ে দেবার জন্যেও অনুরোধ করতে পারেন।

18. আমার লিজের বিষয়ে বা আমার আইনসম্মত ভাড়ার রাশির বিবাদের বিষয়ে যদি কোনো সমস্যা থাকে তাহলে আমি কি করতে পারি ?

লিজের বিষয়ে অনুসন্ধানের জন্য, ভাড়ার বিবাদ মেটানোর জন্য, বা আপনার মালিক লিজ না দেবার কারণে একটি অভিযোগ দায়ের করার জন্য, ভাড়াটেরা ডিভিশন অফ হোমস্ অ্যাণ্ড কমিউনিটি রিনিউয়াল(DHCR)-এ যোগাযোগ করতে পারেন। DHCR -এর সাথে যোগাযোগ করা যেতে পারে

সশরীরে:
Gertz Plaza
92-31 Union Hall Street
Jamaica, New York 1143

ফোনের মাধ্যমে: 718-739-6400

ইমেলের মাধ্যমে: RentInfo@nyshcr.org